

## উড়োজাহাজ ছিটকে সাগরে : ব্ল্যাক বক্স খুঁজে পেলো হংকং

- A Monitor Desk Report

Date: 26 October, 2025



ঢাকাঃ হংকং বিমানবন্দরে সম্প্রতি উড়োজাহাজ দুর্ঘটনায় ২জন নিহতের ঘটনায় সংশ্লিষ্ট উড়োজাহাজের ব্ল্যাক বক্স আজ (২৬ অক্টোবর)খুঁজে পাওয়া গেছে।

হংকং থেকে বার্তা সংস্থা এ খবর জানিয়েছে।

প্রতিবেদনে বলা হয়, গত ২০ অক্টোবর ভোরে অবতরণের সময় বোয়িং কার্গো উড়োজাহাজটি রানওয়ে থেকে ছিটকে নিরাপত্তা টহল গাড়িকে ধাক্কা দিয়ে সাগরে পড়ে যায়।

১৯৯৮ সালে বিমানবন্দরটি চালু হওয়ার পর এটি সবচেয়ে গুরুতর দুর্ঘটনা হিসেবে চিহ্নিত হয়েছে।

এ ঘটনায় দু'জন নিরাপত্তা কর্মী নিহত হয়। কর্তৃপক্ষ জানিয়েছে, তারা রানওয়ে এলাকার বাইরে নিরাপদ অবস্থানেই ছিলেন।

হংকং বিমানবন্দর কর্তৃপক্ষ আজ জানিয়েছে, একটি ইঞ্জিন, ল্যান্ডিং গিয়ার ও ব্ল্যাক বক্স উদ্ধার করা হয়েছে।

শহরের পরিবহন ও সরবরাহ ব্যুরো জানিয়েছে, তারা এক মাসের মধ্যে প্রাথমিক তদন্ত প্রতিবেদন প্রকাশ করবে।

বিমানবন্দর কর্তৃপক্ষ জানিয়েছে, মার্কিন ও তুর্কি বেসামরিক উড়োজাহাজ দুর্ঘটনা তদন্তকারী সংস্থা এবং বোয়িংয়ের বিশেষজ্ঞরা তদন্তে অংশগ্রহণ করেন।

-B

